



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ফেব্রুয়ারী ২৩, ২০০৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(পৌর-৩ শাখা)

প্রজ্ঞাপন

তারিখ, ২৫ মাঘ ১৪১১/৭ ফেব্রুয়ারী ২০০৫

এস,আর,ও নং ৩৫ আইন/২০০৫—যেহেতু, সরকার অত্র বিভাগের প্রজ্ঞাপন এস,আর,ও নং ৩১০-আইন/২০০৪, তারিখ, ১৩ কার্তিক ১৪১১ বঙ্গাব্দ মোতাবেক ২৮ অক্টোবর, ২০০৪ খ্রিষ্টাব্দ দ্বারা নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে শহর এলাকা ঘোষণা করিয়াছে; এবং

যেহেতু, সরকার উক্ত এলাকাকে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণা করিবার উদ্দেশ্যে The Declaration and Alteration of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত এর Rules বলিয়া উল্লিখিত, এর rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ ঘোষণার প্রস্তাব সম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহ্বান করিবার জন্য দিনাজপুর জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল; এবং

যেহেতু, উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকাকে মিউনিসিপ্যালিটি ঘোষণার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন; এবং

যেহেতু, সরকার উক্ত প্রতিবেদন বিবেচনান্তে উক্ত Rules এর rule 4(2) এর অধীনে উক্ত এলাকা সম্বন্ধে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

সেহেতু, Paurashava Ordinance, 1977 (Ord. No. XXVI of 1977) এর section 4(a) তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার এতদ্বারা দিনাজপুর জেলার ঘোড়াঘাট উপজেলাধীন নিম্ন তফসিলে বর্ণিত শহর এলাকাকে আগামী ৩ ফাল্গুন, ১৪১১ বাংলা মোতাবেক ১৫ ফেব্রুয়ারী, ২০০৫ খ্রিষ্টাব্দ তারিখ হইতে একটি মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) রূপে ঘোষণা করিল; এই মিউনিসিপ্যালিটি ঘোড়াঘাট মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) নামে অভিহিত হইবে।

(৬৬১)

মূল্য : টাকা ১.০০

তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে, এল নং	দাগ নং
১	২	৩	৪	৫
(১)	৪নং ঘোড়াঘাট	সাহেবগঞ্জ	১১৫	১-৮, ১০-১২১, ১২৩-১২৭, ১৪১, ১৪২, ১৪৪, ১৪৬, ১৪৮, ২০১-২০৯, ২১৪-৩১৪, ৩১৭-৩২১।
(২)	৪নং ঘোড়াঘাট	ঘোড়াঘাট	১১৪	১-৩১, ৩৩-৩৬, ৩৯-৪২, ৫১, ৫৩-৭৭, ৮১-৮২, ২০১-২৫৬।
(৩)	৪নং ঘোড়াঘাট	চৌখন্ডি	১১৩	১-৪, ৬-৫৭, ৬২-৪০৯, ৪৪২-৪৫২, ৪৫৪-৪৫৫।
(৪)	৪নং ঘোড়াঘাট	দক্ষিণ জয়দেবপুর	১১০	১-১৪০১।
(৫)	৪নং ঘোড়াঘাট	লালমাটি	১১১	১-৪৩, ৬২-৭৭, ৭৯-৮৭, ৮৯-৯১, ৯৩-১১৪।
(৬)	৪নং ঘোড়াঘাট	চককাঠাল	১০৫	১-২, ৪-২৪, ২৮-৭৫, ৭৭-১১৪, ৪০১-৪০২, ৪০৪-৪০৮, ৪১০-৪১২।
(৭)	৪নং ঘোড়াঘাট	শ্যামপুর	১০৪	১-৫৫, ৩৫১-৩৭৮, ৪০১-৪০৫, ২০৯, ৪১২-৪২৬, ৪২৮-৪৭৭, ৯০১-১২২৯।
(৮)	৪নং ঘোড়াঘাট	সরগাছি	১১২	১-২৭, ২৯-১১৬।
(৯)	৪নং ঘোড়াঘাট	সাগরপুর	৯৭	১-২৪২।
(১০)	৪নং ঘোড়াঘাট	চকবামুনিয়া বিশ্বনাথপুর (আংশিক)	৯৮	৮৪১-৮৪৭, ৮৫০-৮৬৯, ৮৭২-৮৮২, ৮৮৬-৮৯৩।
(১১)	৪নং ঘোড়াঘাট	বোদাতপুর (আংশিক)	১০৬	১-১০৮২।
(১২)	৪নং ঘোড়াঘাট	কালুপুকুর (আংশিক)	১০৯	১-৩৫৫, ৩৫৬-১৩৪৩।
(১৩)	৪নং ঘোড়াঘাট	ঘুঘুড়া (আংশিক)	১০৮	১-২০০।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সহিদুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।